গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
cooperative.bhurungamari.kurigram.gov.bd

"সমবায়ে গড়ব দেশ,
বৈষম্যহীন বাংলাদেশ"

স্মারক নং:- ৪৭.৬১.৪৯০৬.০০০.৩৪.০০৩.২৪. ৫৯

তারিখ:- ১৩, মার্চ-২০২৫খ্রিঃ।

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়ঃ- জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর আওতায় ৩য় ত্রৈমাসের নৈতিকতা কমিটির সভার আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২৫ এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত ৩য় ত্রৈমাসের নৈতিকতা কমিটির সভা আগামী ১৭/০৩/২০২৫খ্রি: তারিখ রোজ: সোমবার সকাল ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।

১৩/০৩/২৫

সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল কমিটি
ও
উপজেলা সমবায় অফিসার
ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম।

বিতরণ জ্ঞাতার্থে/কার্যার্থে:-

১। ................................ সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২। জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রাম।

৩। অফিস কপি।

# উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের হাজিরা

স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
তারিখঃ ১৭/০৩/২০২৫খ্রিঃ।

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ আব্দুর রাজ্জাক মিয়া | উপজেলা সমবায় অফিসার<br>ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>ও<br>সভাপতি<br>নৈতিকতা কমিটি | ১৭/০৩/২৫ |
| ০২ | পল্লব কুমার রায় | সহকারী পরিদর্শক<br>ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>ও সদস্য<br>নৈতিকতা কমিটি | ১৭/০৩/২৫ |
| ০৩ | মোঃ মিজানুর রহমান | অফিস সহকারী<br>ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>ও সদস্য<br>নৈতিকতা কমিটি | |
| ০৪ | মোঃ মনোয়ার হোসেন | সহকারী পরিদর্শক<br>ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম<br>ও সদস্য সচিব<br>নৈতিকতা কমিটি | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
cooperative.bhurungamari.kurigram.gov.bd

"সমবায়ে গড়ব দেশ,
বৈষম্যহীন বাংলাদেশ"

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের সমন্বয়ে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি : মো: আব্দুর রাজ্জাক মিয়া
উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

সভার তারিখ : ১৭/০৩/২০২৫খ্রিঃ।

স্থান : উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

উপস্থিতি : পরিশিষ্ট"ক"

অদ্যকার সভায় সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ বাস্তবায়নে নৈতিকতা কমিটি, উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম কর্তৃক ৩য় কোয়ার্টারের আলোচ্য সূচি মোতাবেক গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন বিষয়ে আলোচনা নিম্নরূপ:-

| ক্র: নং | সূচক ও বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ১.১ নৈতিকতা কমিটির সভা | ১.১ নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত আলোচনায় কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রতি ত্রৈমাসের মধ্যে একটি করে নৈতিকতা কমিটির সভা করার জন্য সভাপতি সাহেব নৈতিকতা কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে নৈতিকতা কমিটিকে কার্যকর পদক্ষেপ গ্রহনের জন্য প্রয়োজনীয় নির্দেশ দেয়া হয়। | ১.১ প্রতি ত্রৈমাসের প্রথম মাসে উক্ত প্রান্তিকের সূচক সমূহের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে সভা অনুষ্ঠান করতে হবে। | ১.১ নৈতিকতা কমিটি |
| ০২ | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহনে সভা | ১.৩ সভায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহনে সভা করার জন্য আলোচনা করা হয়। সভায় ০২টি অংশীজনের সভা করার চুক্তি রয়েছে। ০১টি প্রথম ত্রৈমাসে অপরটি ৩য় ত্রৈমাসে। ত্রৈমাসের সভাটি আগামী ২৩/০৩/২৫খ্রি: তারিখে অত্র দপ্তরে আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। সঠিক সময়ে সভা করে প্রয়োজনীয় প্রমানক সংরক্ষনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত ৩য় ত্রৈমাসের সভাটি আগামী ২৩/০৩/২৫খ্রি: তারিখে অত্র দপ্তরে উপজেলা সমবায় কার্যালয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহনে সভা আহবান করা হয়েছে। | ১.৩ নৈতিকতা কমিটি |
| ০৩ | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ২০২৪-২৫ অর্থ বছরে ২টি করার চুক্তি রয়েছে। কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা কম থাকায় উহা জেলা সমবায় কার্যালয়, কুড়িগ্রাম এর সিদ্ধান্ত মোতাবেক তারিখ নির্ধারণের বিষয়টি আলোচনা করা হয়। | ১.৪ উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী কুড়িগ্রাম এর আওতাধীন অফিস না থাকায় কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা কম থাকায় জেলা সমবায় কার্যালয়, কুড়িগ্রাম এর শুদ্ধাচার প্রশিক্ষণ এ সংক্রান্ত প্রমাণক সমূহ সংরক্ষণ করতে হবে। | ১.৪ নৈতিকতা কমিটি জেলা সমবায় কার্যালয়, কুড়িগ্রাম |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন উন্নত-কর্ম পরিবেশ উন্নয়ন (টিওএন্ডই ভূক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা/ ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি) | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন এর লক্ষে বার্ষিক কর্ম সম্পাদনের চুক্তিতে স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডই ভূক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/ ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে উল্লেখ আছে। আমাদের অফিসে ০৪টি বিষয়ের মধ্যে থেকে যে কোন ২টি বিষয়ে কাজ করতে হবে এ বিষয় নিয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনা অন্তে পরিস্কার- পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে নিয়ে কাজ করার সিদ্ধান্ত হয়। | ১.৫ গত ১৫/১২/২০২৪খ্রি: তারিখের মধ্যে ৪র্থ শ্রেণীর কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত এবং প্রমানক সংরক্ষণের সিদ্ধান্ত গৃহিত হয়। | নৈতিকতা কমিটি |
| ০৫ | ** সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টার প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ। | ** সভায় সভাপতি সাহেব বলেন যে, মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে অত্র উপজেলায় সমবায়ীরা অত্র কার্যালয়ে যদি কোন সেবা নেওয়ার জন্য আসে তাহলে রেজিষ্টারে তার তথ্য লিপিবদ্ধ করে তার মোবাইল নম্বরসহ স্বাক্ষর নেওয়ার ব্যবস্থা গ্রহন করতে হবে। সভায় রেজিষ্টার হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ** সেবা প্রত্যাশীদের জন্য সংরক্ষিত রেজিষ্টার সকল তথ্য নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। ত্রৈমাস শেষে রেজিষ্টার এর সত্যয়িত ফটোকপি প্রমানক হিসাবে সংরক্ষণ করতে হবে এবং যথাযত কর্তৃপক্ষ বরাবর প্রেরন করতে হবে। | নৈতিকতা কমিটি |

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৩/২৫

(মোঃ আব্দুর রাজ্জাক মিয়া)
উপজেলা সমবায় অফিসার
ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম।
ই-মেইল ucobhurunggamari@gmail.com

স্মারক নং:- ৪০

তারিখঃ- ১৭, মার্চ-২০২৫খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল:

১. জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রাম।

২. জনাব,..................... সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩. অফিস কপি।